পরিচিতি

যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন দপ্তর/বিভাগের বিপরীতে উত্থাপিত অডিট আপত্তি এই রিপোর্টে অন্তর্ভুক্ত হইয়াছে। এই অধিদপ্তরের অধীনে ১২৮টি নিরীক্ষাযোগ্য ইউনিট রহিয়াছে এবং ইহার মধ্যে ১৩টি বিভাগ/দপ্তরের বিভিন্ন সালের গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতি সম্পর্কিত ১২টি আপত্তি এই রিপোর্টে স্থান পাইয়াছে। ইহা ছাড়া, সড়ক ও জনপথ অধিদপ্তরের সাসপেন্স হিসাবের অনিয়মের উপর পৃথকভাবে বিশেষ নিরীক্ষা করা হইয়াছে, যাহার প্রতিবেদন পৃথকভাবে উপস্থাপিত হইয়াছে। উল্লেখ করা যাইতে পারে যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের রাজস্ব বাজেটভুক্ত ব্যয় ও শতকরা ১০০ ভাগ বাংলাদেশ সরকারের অর্থায়নে পরিচালিত প্রকল্পসমূহের হিসাব নিরীক্ষা কেবল পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক সম্পন্ন করা হইয়াছে। এই প্রসংগে আরও উল্লেখ্য যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহের হিসাব সরকারী গণপূর্ত হিসাব রক্ষণ পদ্ধতিতে সংরক্ষণ করা হয়।

১। সড়ক ও জনপথ অধিদপ্তর - বিভাগ পরিচিতি

সড়ক ও জনপথ অধিদপ্তর দেশের আভ্যন্তরীন সকল জাতীয়/আঞ্চলিক মহাসড়ক এবং ফিডার রোড সমুহের নির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষণের সাথে সরাসরি সংশ্লিষ্ট। সরকার কর্তৃক অনুমোদিত সেট-আপ অনুযায়ী সড়ক ও জনপথ অধিদপ্তরের রাজস্ব ও উন্নয়ন খাতের বিপরীতে মোট পদের সংখ্যা যথাক্রমে ৬,২৫২ টি এবং ৩,৬১০ টি। সর্বশেষ ১৯৯১ সালের মে মাস পর্যন্ত রাজস্ব ও উন্নয়ন খাতে মোট পদ ছিল যথাক্রমে ৭,৮৯০ টি এবং ৪,১২৬ টি। এতদ্ব্যতীত "ওয়ার্ক চার্জড্" এবং "মাষ্টার রোল" কর্মচারীর সংখ্যা ছিল যথাক্রমে ৫,১১৬ টি এবং ৬,১০৮ টি অর্থাৎ অস্থায়ী জনবলের সংখ্যা ১১,২২৪ টি ছিল।

স্থায়ী জনবলের অবস্থান

শ্রেণী	অনুমোদিত সেট আপ (এনাম কমিটি) -এর পূর্বের অবস্থান		অনুমোদিত সেট আপ (এনাম কমিটি) অনুযায়ী পদ সংখ্যা		১৯৯১ সালের মে মাসের অবস্থান	
	রাজস্ব	উন্নয়ন	রাজস্ব	উন্নয়ন	রাজস্ব	উন্নয়ন
প্রথম শ্রেণী	২৭৭	২৬৯	৩৫১	২০৫	৩৬৩	৩০৪
দ্বিতীয় শ্রেণী	১৭	-	১৩	৫	১৩	৫
তৃতীয় শ্রেণী	৩,৫৫৩	১,৯৩৩	৩,০১৭	২,৩৫৬	৩,০৬০	২,৬৩৯
চতুর্থ শ্রেণী	৩,৮১১	৯২৩	২,৮৭১	১,০৪৪	২,৮৭৫	১,১৭৮
	৭,৬৫৮	৩,১২৫	৬,২৫২	৩,৬১০	৬,৩১১	৪,১২৬
ওয়ার্ক চার্জড্ কর্মচারী নিয়মিত করণ					১,৫৭৯	
মোট =	**৭,৬৫৮**	**৩,১২৫**	**৬,২৫২**	**৩,৬১০**	**৭,৮৯০**	**৪,১২৬**

অস্থায়ী জনবলের অবস্থান

	তৃতীয় শ্রেণী	চতুর্থ শ্রেণী	মোট
ওয়ার্ক চার্জড্	১,৫০১	৩,৬১৫	৫,১১৬
মাষ্টার রোল	-	-	৬,১০৮
মোট			**১১,২২৪**

সূত্র - আর.এইচ.ডি. ম্যানুয়েল জুলাই, ১৯৯৪, সড়ক ও জনপথ অধিদপ্তর।

সড়ক ও জনপথ অধিদপ্তরের ১৯৯৭-৯৮ সালের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মোট ৫২টি প্রকল্প (৩৮টি অনুমোদিত ও ১৪টি অননুমোদিত) অন্তর্ভুক্ত ছিল। তন্মধ্যে বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের সংখ্যা ছিল ১৪টি। অবশিষ্ট ৩৮টি প্রকল্প শতকরা ১০০ ভাগ বাংলাদেশ সরকারের অর্থায়নে পরিচালিত।

সূত্র ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচী ১৯৯৭-৯৮, প্রকাশকাল ঃ ৩রা জুন'৯৭

২। আর্থিক বিশ্লেষণ

(ক) মূল বরাদ্দ, সংশোধিত বরাদ্দ এবং প্রকৃত খরচ ঃ

১৯৯৭-৯৮ সালের ১৬৮-রাজস্ব খাতে মোট বরাদ্দ ২২৭,৬৮,৯৬,০০০ টাকার বিপরীতে সংশোধিত বরাদ্দ এবং মোট ব্যয় ছিল যথাক্রমে ৩০৪,৯৩,৫৭,০০০ টাকা এবং ২৯২,৮৯,৫১,৫৯১ টাকা (লেখ চিত্র-১)। অপরদিকে ২৬৬-মূলধন হিসাব (সড়ক - যমুনা সেতুর বরাদ্দ ব্যতীত) খাতে মোট বরাদ্দ ১,১০৯,৩১,০০,০০০ টাকার বিপরীতে সংশোধিত বরাদ্দ ছিল ১,১৪২,৪১,০০,০০০ টাকা। সংশ্লিষ্ট বরাদ্দের বিপরীতে মোট ব্যয় ছিল ১,০৫৮,৮৫,৪৬,৭৭০ টাকা (লেখ চিত্র-২)।

আর্থিক বৎসর	হিসাবের খাত	বরাদ্দ	সংশোধিত বরাদ্দ	প্রকৃত খরচ
১৯৯৫-৯৬	১৬৮(২) মেরামত	২০৭,০০,০০,০০০	২২৭,০০,০০,০০০	২০৩,৯৮,১৯,২৭৫
	১৬৮-৩(১) প্রধান প্রকৌশলী	৪৬,২১,২০,০০০	৪৭,১৬,০০,০০০	৪২,০৭,৭০,৪৬৯
	১৬৮-৩(২) নিরাপত্তা	১,১৪,৮০,০০০	১,১৮,০৩,০০০	৭৬,৬৮,১৭৫
	১৬৮-(৪) যন্ত্রপাতি	২,৫০,০০,০০০	২,৫০,০০,০০০	২,৪৯,৯৪,৯৭৭
	মোট	**২৫৬,৮৬,০০,০০০**	**২৭৭,৮৪,০৩,০০০**	**২৪৯,৩২,৫২,৮৯৬**
১৯৯৬-৯৭	১৬৮(২) মেরামত	২০৭,০০,০০,০০০	২০৭,০০,০০,০০০	২১১,৩৭,৭২,০০০
	১৬৮-৩(১) প্রধান প্রকৌশলী	৪৮,৩২,৭০,০০০	৪৭,৮৩,৩০,০০০	৪৭,১৬,৭৯,৬৩৯
	১৬৮-৩(২) নিরাপত্তা	১,২১,৮৪,০০০	১,২২,৭৬,০০০	১,১৯,৯৬,৭৬৩
	১৬৮-(৪) যন্ত্রপাতি	২,৫০,০০,০০০	২,৫০,০০,০০০	২,৩৫,৮১,০০০
	মোট	**২৫৯,০৪,৫৪,০০০**	**২৫৮,৫৬,০৬,০০০**	**২৬২,১০,২৯,৪০৩**
১৯৯৭-৯৮	১৬৮(২) মেরামত	২২৫,০০,০০,০০০	২৪৭,৭৩,০০,০০০	২৪৫,৯৪,৪০,৪৯৬
	১৬৮-৩(১) প্রধান প্রকৌশলী	৪,৮৯,৩৪০,০০০	৪৬,১৯,০০,০০০	৪৩,০৫,৭৩,৩৪১
	১৬৮-৩(২) নিরাপত্তা	১২,৫৫৬,০০০	১,৩১,৫৭,০০০	১,৪১,৬৭,৭৫৪
	১৬৮-(৪) যন্ত্রপাতি	২৫,০০০,০০০	৯,৭০,০০,০০০	২,৪৭,৭০,০০০
	মোট	**২৭৭,৬৮,৯৬,০০০**	**৩০৪,৯৩,৫৭,০০০**	**২৯২,৮৯,৫১,৫৯১**

১৯৯৫-৯৬	২৬৬-রাজস্ব হিসাব বহির্ভূত বেসামরিক পূর্ত কাজের মূলধন হিসাব (সড়ক - যমুনা সেতুর বরাদ্দ ব্যতীত)	৮৩২,০৫,০০,০০০	৮৪৬,৫৫,০০,০০০	৭৮৮,৫৬,০০,০০০
১৯৯৬-৯৭	"	৯৮৩,০০,০০,০০০	১০১১,০৫,০০,০০০	১০১৬,৭৯,০০,০০০
১৯৯৭-৯৮	"	১,১০৯,৩১,০০,০০০	১,১৪২,৪১,০০,০০০	১,০৫৮,৮৫,৪৬,৭৭০

সূত্র - (১) উপযোজন হিসাব ১৯৯৩-৯৪ এবং ১৯৯৪-৯৫ (২) সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী ১৯৯৪-৯৫, ১৯৯৫-৯৬, ১৯৯৬-৯৭, ১৯৯৭-৯৮
সূত্র -(২) সিএও/সড়ক/হি-২/আর্থিক ও উপঃ/জার্নাল/১৫ (তয় খন্ড)/২৬০ তারিখ ঃ ২৯-৬-২০০০।

লেখ চিত্র

১৬৮-রাজস্ব খাতে বরাদ্দ ও ব্যয়

লেখ চিত্র২

২৬৬-মূলধন (সড়ক - যমুনা সেতুর বরাদ্দ ব্যতীত) খাতে বরাদ্দ ও ব্যয়

খ) রাজস্ব ও উন্নয়ন ব্যয় ঃ-

১৬৮-রাজস্ব এবং ২৬৬-মূলধন (সড়ক - যমুনা সেতু বরাদ্দ ব্যতীত) খাতে ১৯৯৭-৯৮ সালের সংশোধিত বরাদ্দের বিপরীতে মোট ব্যয় যথাক্রমে ২,৯২,৮৯,৫১,৫৯১ টাকা এবং ১,০৫৮,৮৫,৪৬,৭৭০ টাকা হইয়াছে। অর্থাৎ উন্নয়ন ব্যয় মোট ব্যয়ের ৭৮.৩৩% (লেখ চিত্র-৩)। উল্লেখ্য যে, রাজস্ব ব্যয়ের মধ্যে ১৬৮(২)-মেরামত খাতে ২৪৫,৯৪,৪০,৪৯৬ টাকা, ১৬৮(৩)-পরিচালন ও সংস্থাপন খাতে ৪৪,৪৭,৪১,০৯৫ টাকা এবং ১৬৮(৪)-যন্ত্রপাতি খাতে ২,৪৭,৭০,০০০ টাকা খরচ অন্তর্ভুক্ত। অপর পক্ষে ২৬৬-মূলধন হিসাব খাতে ব্যয় সরাসরি উন্নয়ন মূলক কাজের সাথে সংশ্লিষ্ট।

সূত্র ঃ (১) সিএও/সড়ক/হি-২/আর্থিক ও উপঃ/জার্নাল/১৫(৩য় খন্ড)/২৬০ তারিখঃ- ২৯-৬-২০০০

(২) সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী, ১৯৯৭-৯৮।

লেখ চিত্র৩

১৬৮-রাজস্ব ও ২৬৬ মূলধন (সওজ) খাতে ব্যয় (১৯৯৭-৯৮)

গ) সাসপেন্স হিসাব ঃ-

সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন ৯৪টি বিভাগের সাসপেন্স খাতের ৩টি উপ-খাতে অর্থাৎ ক্রয়, মজুদ ও বিবিধ গণপূর্ত অগ্রিম বাবদ ১৬৮-প্রধান খাতের বিপরীতে ১৯৯৩-৯৪, ১৯৯৪-৯৫, ১৯৯৫-৯৬, ১৯৯৬-৯৭ এবং ১৯৯৭-৯৮ সালে যথাক্রমে ১৮৬,৮১,২০,৪৪৪, ১৯১,৬৭,৫৯,১৮৮, ১৯৮,৭৯,২২,৬৮৯, ২০৮,২৩,৮৩,১২৮ এবং ২০৭,৬৩,৫৮,৪৫৪ টাকা অসমন্বয়িত রহিয়াছে (লেখ চিত্র-৪)। এই বিপুল পরিমাণ সাসপেন্স পুঞ্জীভূত থাকার অন্যতম কারণ - বাজেট বহির্ভূত ব্যয় এবং অসমন্বয়িত এ,টি,ডি,।

কোডাল বিধি ও সরকারী নির্দেশ অনুযায়ী বরাদ্দ বিহীন ও বরাদ্দের অতিরিক্ত ব্যয় নির্বাহযোগ্য না থাকিলেও এই ধরনের ব্যয় বিবিধ গণপূর্ত অগ্রিম খাতে অসমন্বয়িত অবস্থায় রাখা হইয়াছে। ফলে সাসপেন্স খাতের অসমন্বয়িত টাকা ক্রম পুঞ্জীভূত হারে বৃদ্ধি পাইয়াছে। এই ক্ষেত্রে ১৯৯৩-৯৪ সালে পুঞ্জীভূত ১৮৬,৮১,২০,৪৪৪ টাকা ১৯৯৭-৯৮ সালে বৃদ্ধি পাইয়া ২০৭,৬৩,৫৮,৪৫৪ টাকায় উন্নীত হইয়াছে।

বরাদ্দের অতিরিক্ত ব্যয় এবং অসমন্বয়িত এ,টি,ডি, সরকারী আর্থিক শৃঙ্খলার পরিপন্থী। দীর্ঘদিন যাবত এই ব্যয় নিয়মানুগ না করায় সরকারের আর্থিক শৃঙ্খলা বিঘ্নিত হইতেছে এবং কর্তৃপক্ষের বাজেট নিয়ন্ত্রণে দুর্বলতার পরিচয় বহন করিতেছে। পক্ষান্তরে এই জাতীয় অসমন্বয়িত এ,টি,ডি ঝুঁকিপূর্নও বটে। ফলে কারচুপি এবং সরকারী অর্থ তসরুপের সুযোগও সৃষ্টি হইতেছে।

লেখ চিত্র - ৪

অসমন্বয়িত সাসপেন্স

সূত্র ঃ-উপযোজন হিসাব ১৯৯৩-৯৪, ১৯৯৪-৯৫, ১৯৯৫-৯৬, ১৯৯৬-৯৭ ও ১৯৯৭-৯৮